# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম।

নং-১৮.১৬.০০০০.৩৫২.০৬.০১৫.১৭- তারিখ: ০১ চৈত্র,১৪২৪ বঙ্গাব্দ।
১৫ মার্চ ২০১৮ খ্রি.।

**গত ১৫-০৩-২০১৮ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৬-২০১৭ অর্থ বছরের ৪০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী।**

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন বোর্ড অব ডাইরেক্টরস এর চেয়ারম্যান, জনাব শাজাহান খান, এম. পি এর সভাপতিত্বে ১৫-০৩-২০১৮ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১-০০ ঘটিকায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের শহীদ মোহাম্মদ ফজলুর রহমান মুন্সী অডিটোরিয়ামে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সম্মানিত শেয়ারহোল্ডারদের ৪০তম (২০১৬-২০১৭ অর্থ বছরের) বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হয়। সভায় পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ - বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কমডোর ইয়াহ্ইয়া সৈয়দ, ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, জনাব মোঃ সাইফুল আলম হামিদী, অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, জনাব এ.এইচ.এম. আহসান, যুগ্ম সচিব, বাণিজ্য মন্ত্রণালয় বেগম ইয়াসমিন আফসানা, নির্বাহী পরিচালক (অর্থ), বিএসসি এবং জনাব মোঃ সাঈদ উল্লাহ, নির্বাহী পরিচালক (প্রযুক্তি) ও নির্বাহী পরিচালক (বাণিজ্য)-অতিরিক্ত দায়িত্ব এবং জনাব মোঃ আবদুল কুদ্দুছ, স্বতন্ত্র পরিচালক উপস্থিত ছিলেন। এছাড়া, উল্লেখযোগ্য সংখ্যক শেয়ারহোল্ডারগণ ৪০তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে বিএসসির সচিব সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভায় উপস্থিত বোর্ড অব ডাইরেক্টরস্ এর সদস্যবৃন্দ ও শেয়ারহোল্ডারদের তালিকা পরিশিষ্ট-'ক' ও 'খ'-তে সন্নিবেশিত হয়েছে।

০৩। পবিত্র কোরআন তেলাওয়াত ও তর্জমার মাধ্যমে সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়।

০৪। **সভাপতি মহোদয়ের স্বাগত বক্তব্য:-**

৪.১। সভার সভাপতি নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, জনাব শাজাহান খান, এম. পি বার্ষিক সাধারণ সভায় উপস্থিত শেয়ারহোল্ডারদেরকে স্বাগত জানিয়ে বক্তব্য প্রদান করেন। মাননীয় মন্ত্রী বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৬-২০১৭ অর্থ বছরের ৪০তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, বিএসসির কর্মকর্তা ও কর্মচারী এবং উপস্থিত সকলকে স্বাগত জানান।

৪.২। সভায় সভাপতি স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতাসহ যাঁদেরকে নির্মমভাবে

হত্যা করা হয়েছে তাঁদেরকেও শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন বঙ্গবন্ধুর ব্যক্তিগত উদ্যোগে ১৯৭২ সনের ৫ই ফেব্রুয়ারি জাতীয় প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠিত হয়। অতঃপর সভাপতি সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান পরামর্শ এবং মতামত বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উত্তরোত্তর উন্নতি, অগ্রগতি ও সমৃদ্ধি অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

৪.৩। সভাপতি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনার আলোকে এবং তাঁর বলিষ্ঠ নেতৃত্বে বর্তমান গণতান্ত্রিক সরকার কর্তৃক সামগ্রিক উন্নয়নের ধারাবাহিকতায় বাংলাদেশ শিপিং কর্পোরেশনের (বিএসসির) উন্নয়নে নানাবিধ পদক্ষেপ নেয়া হয়েছে। ইতোমধ্যে চীন সরকারের আর্থিক সহায়তায় বিএসসির জন্য ০৬টি নতুন জাহাজ (০৩টি বাল্ক ক্যারিয়ার ও ০৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার) এর নির্মাণ কাজ এগিয়ে চলছে। আশা করা যায় আগামী জুলাই ২০১৮ থেকে ফেব্রুয়ারি ২০১৯ এর মধ্যে পর্যায়ক্রমে জাহাজগুলো বিএসসির বহরে সংযুক্ত হবে। এছাড়া, শেয়ার বাজার হতে আরপিও এর মাধ্যমে অর্জিত টাকা ও নিজস্ব অর্থ ব্যয়ে সংস্থার জন্য লাভজনক হয় এমন একটি জাহাজ ক্রয়ের কার্যক্রম চলমান। তিনি আশা করেন খুব দ্রুত জাহাজটি বিএসসির বহরে সংযোজিত হবে।

৪.৪। মাননীয় মন্ত্রী শেয়ারহোল্ডারগনের উদ্দেশ্যে বলেন যে, বর্তমান সরকার বিদুৎ খাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে কয়েকটি কয়লা ভিত্তিক বিদ্যুৎ প্রকল্প (রামপাল, মহেষখালী, পায়রা) স্থাপনের কার্যক্রম গ্রহণ করেছে। উক্ত বিদুৎ কেন্দ্রগুলোর প্রতিটিতে মাসে প্রায় ৪.৫০ লক্ষ মেট্রিক টন কয়লা প্রয়োজন হবে। এছাড়া দেশের জ্বালানি সংকট নিরসনের জন্য সরকার তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে কক্সবাজারের মাতারবাড়ীতে ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপন হচ্ছে। উক্ত কয়লা, এলএনজি এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোশেনের (বিপিসি) পরিশোধিত ও অপরিশোধিত জ্বালানি তেল পরিবহন ছাড়াও রাষ্ট্রীয় প্রয়োজন ও আর্থিকভাবে লাভজনক বিবেচনায় বিভিন্ন সাইজ ও ধরণের জাহাজ ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং ইতোমধ্যে উক্ত পরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এসব জাহাজ সংযোজনের পাশাপাশি নতুন উদ্যোগ বাস্তবায়নের মধ্য দিয়ে বিএসসি'র বাণিজ্যিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের প্রচেষ্টা অব্যাহত আছে। সভাপতি আরো বলেন যে, ঢাকার প্রাণকেন্দ্রে নির্মিত আধুনিক ও দৃষ্টিনন্দন ২৫তলা বাণিজ্যিক ভবন বিএসসির উন্নয়নে এক উল্লেখযোগ্য মাইলফলক যা গত ১৫ এপ্রিল ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেন। উক্ত ভবন থেকে অর্জিত আয় বিএসসির উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখবে এবং প্রতিষ্ঠান হিসেবে বিএসসির সুনাম অনেকাংশে বৃদ্ধি পাবে।

৪.৫। সভাপতি শেয়ারহোল্ডারগনের উদ্দেশ্যে বিএসসি আইন (পিও ১০, ১৯৭২) সম্পর্কে বলেন যে, বিএসসি আইন যুগোপযোগী করে জাতীয় সংসদে অনুমোদনপূর্বক গেজেট আকারে প্রকাশিত হয়েছে। উক্ত আইন মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের আইনের সাথে সামঞ্জস্য রেখে শেয়ারের

অভিহিত মূল্য ১০০/- টাকা হতে ১০ টাকা করা হয়েছে এবং গত ৩৯তম বার্ষিক সাধারণ সভার অনুমোদন মোতাবেক জনাব মোঃ আব্দুল কুদ্দুস-কে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ করা হয়েছে।

৪.৬। সভাপতি শেয়ারহোল্ডারদের অবহিত করেন যে, বিএসসির সংকুচিত ও অত্যন্ত পুরাতন জাহাজবহর দিয়ে বাণিজ্য পরিচালনার মাধ্যমে ২০১৬-২০১৭ অর্থ বছরে আয় করে ১১৮ কোটি টাকা এবং ব্যয় হয় ১০৯.৩৪ কোটি টাকা। আলোচ্য অর্থ বছরে সংস্থার লাভ হয়েছে মাত্র ৮.৬৬ কোটি টাকা। কর্পোরেশনের লাভের পরিমাণ পর্যাপ্ত না হওয়া সত্ত্বেও শেয়ারহোল্ডারদের স্বার্থ বিবেচনা করে ২৯৪তম বোর্ড সভায় শেয়ারহোল্ডারদের জন্য ১০% নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ড) ঘোষণার সুপারিশ করা হয়েছে মর্মে অবহিত করেন।

৪.৭। তিনি আরো বলেন যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর নিজস্ব বাণিজ্যিক কার্যক্রম ছাড়াও সরকারি সংস্থা হিসেবে জাতীয় স্বার্থে অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দেশের স্বার্থের প্রয়োজনে প্রচলিত অপ্রচলিত পণ্য পরিবহণ করাসহ অলাভজনক রুটেও কর্পোরেশন জাহাজ পরিচালনা করে থাকে। মেরিটাইম সেক্টরে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে বিএসসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিএসসির জাহাজে বাংলাদেশ মেরিন একাডেমির বেশ কিছু ক্যাডেটের প্রতি বছর প্রশিক্ষণ ও নিয়োগের ব্যবস্থা করা হয়ে থাকে। তাছাড়া কেবলমাত্র এ সংস্থার জাহাজেই বিগত চার বছর যাবত মেরিন একাডেমির মহিলা ক্যাডেটদের এক বছরের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে যারা ভবিষ্যতে দেশি-বিদেশি জাহাজে যোগদানের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনসহ দেশের সুনাম অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বিএসসির জাহাজবহর বিশ্বের বিভিন্ন বন্দরে বাংলাদেশের জাতীয় পতাকা বহন করে দেশের পরিচিতি ও ভাবমূর্তি বিদেশে সমুজ্জ্বল ও জাতীয় প্রতিষ্ঠান হিসেবে বিএসসি অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তাই জাতীয় স্বার্থেই বিএসসির উত্তরোত্তর উন্নয়ন অব্যাহত রাখা অত্যাবশ্যক।

৪.৮। পরিশেষে, তিনি বিএসসির শেয়ারহোল্ডারদেরকে বিএসসির উপর আস্থা রাখার জন্য কৃতজ্ঞতা জানান এবং বিএসসির সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারী, জাহাজি কর্মকর্তা ও নাবিকবৃন্দ এবং এর কর্মকান্ডের সাথে সম্পৃক্ত সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতি আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করেন। জাতীয় পতাকাবাহী এ প্রতিষ্ঠানের উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও সাফল্য কামনা করে সকল সম্মানিত উপস্থিতিকে এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

০৫। **বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠ :-**

সভাপতির অনুমতিক্রমে বিএসসির সচিব বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৬-২০১৭ অর্থ বছরের ৪০তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং সভার আলোচ্য সূচি পাঠ করেন।

০৬। **আলোচ্যসূচী ১ :- বিগত ২২ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত ৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন :-**

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিএসসির সচিব বলেন গত ২২-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত বিএসসির ২০১৫-২০১৬ অর্থ বছরের শেয়ারহোল্ডারদের ৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গত ২৭ এপ্রিল ২০১৭ তারিখে বিএসসির ওয়েবসাইটে এবং একইসাথে এ ব্যাপারে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এছাড়া, সভায় প্রবেশের সময় সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে কার্যবিবরণী সরবরাহ করা হয়েছে। এমতাবস্থায়, ২০১৫-২০১৬ অর্থ বছরের ৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী দৃঢীকরণ ও অনুমোদনের জন্য সভায় উপস্থিত শেয়ারহোল্ডারদের আহ্বান জানান। | উপস্থিত শেয়ারহোল্ডারদের সর্বসম্মতিক্রমে সমর্থনের প্রেক্ষিতে গত ২২-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৫-২০১৬ অর্থ বছরের ৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে সভায় অনুমোদিত হয়। অতঃপর সভাপতি (নৌপরিবহন মন্ত্রী) ৩৯তম সভার কার্যবিবরণীতে স্বাক্ষর করেন। |

০৭।**আলোচ্যসূচী ২ :- বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক পরিচালনা পর্ষদ এর প্রতিবেদন উপস্থাপন :-**

৭.১। সভাপতির অনুমতিক্রমে বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কমডোর ইয়াহ্ইয়া সৈয়দ সম্মানিত শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে পরিচালনা পর্ষদের প্রতিবেদন উপস্থাপন করেন। প্রথমেই তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার প্রত্যক্ষ তত্ত্বাবধানে এবং নির্দেশনায় ১৯৭২ সালের ৫ই ফেব্রুয়ারি রাষ্ট্রপতির ১০নং আদেশে বাংলাদেশ শিপিং কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। তিনি মুক্তিযুদ্ধের সূচনার গৌরব ও অহঙ্কারের মার্চ মাসে সকল বীর মুক্তিযুদ্ধাদের আত্মদানের কথা গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। তিনি আরো শ্রদ্ধাভরে স্বরণ করেন বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সে সকল প্রিয় সহকর্মী ও সম্মানিত শেয়ারহোল্ডারগনকে, যাঁরা ইতোমধ্যে ইহলোক ত্যাগ করেছেন। তিনি এ বিশেষ দিনে মহান আল্লাহ তালার নিকট তাঁদের রুহের মাগফেরাত কামনা করেন। তিনি আরও স্মরণ করেন বিগত দিনে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সাথে জড়িত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী এবং সম্মানিত শেয়ারহোল্ডারগনকে যাঁদের আত্মত্যাগ ও একনিষ্ঠ কর্মকান্ড সর্বদাই কর্পোরেশনের উন্নয়নে সম্পৃক্ত ছিল। তিনি নিবেদিত সে সকল পূর্বসূরিদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন।

৭.২। **জাতীয় স্বার্থে বিএসসির অবদান** :-

তিনি সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে অবহিত করেন যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন সরকারের স্বায়ত্ত শাসিত একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান। ১৯৭২ সালে প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি প্রত্যক্ষ ও

পরোক্ষভাবে দেশের বিভিন্ন আর্থ সামাজিক উন্নয়নে এবং SDG (Sustainable Development Goal) অর্জনে কর্পোরেশন বিশেষ অবদান রেখে আসছে, যেমন :-

(ক) জাহাজে পণ্য পরিবহনের মাধ্যমে মুনাফা অর্জনপূর্বক জাতীয় অর্থনীতির উন্নয়ন।

(খ) জ্বালানি তেল ও খাদ্য দ্রব্য পরিবহনের মাধ্যমে জ্বালানি নিরাপত্তা ও খাদ্য নিরাপত্তায় সরাসরি অবদান।

(গ) জাহাজ পরিবহন শিল্পের মাধ্যমে সুনীল অর্থনীতিতে অবদান।

(ঘ) মেরিটাইম সেক্টরে দক্ষ লোকবল গড়ে তোলার মাধ্যমে দেশী নাবিকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

(ঙ) সংস্থায় চাকুরি সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন।

(চ) Maritime Nation হিসাবে বিশ্ব মানচিত্রে বাংলাদেশের পরিচিতি।

(ছ) এছাড়া, জাহাজ পরিচালন ও রক্ষণাবেক্ষণে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দেশের হাজার হাজার লোক আর্থিকভাবে উপকৃত হচ্ছে।

এ পর্যায়ে তিনি বলেন, এসবই সরাসরি জাতীয় উন্নয়নের সাথে সম্পৃক্ত, তাই জাতীয় স্বার্থেই বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উত্তরোত্তর উন্নতি নিশ্চিত করা আবশ্যকীয়ভাবে প্রয়োজন।

৭.৩। **কর্পোরেশনের আয়-ব্যয়, নিট লাভ ও লভ্যাংশ ঘোষণা :-**

(ক) ২০১৬-২০১৭ অর্থ বছরে বিএসসির আয় ১১৭.৯৯ কোটি টাকা এবং ব্যয় ১০৯.৩৫ কোটি টাকা। আলোচ্য অর্থ বছরে সংস্থার নিট মুনাফা হয়েছে ৮.৬৫ কোটি টাকা।

(খ) গত ২০১৫-২০১৬ অর্থ বছরে বিএসসির মোট আয় হয়েছিল ১১৮.৮১ কোটি টাকা ও ব্যয় হয়েছিল ১১২.০৯ কোটি টাকা অর্থাৎ নিট মুনাফা হয়েছিল ৬.৭২ কোটি টাকা।

(গ) ২০১৬-২০১৭ অর্থ বছরে কর্পোরেশন ৮.৬৫ কোটি টাকা নিট মুনাফা অর্জন করে। তদপ্রেক্ষিতে শেয়ারহোল্ডারদের জন্য ১০% হারে নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ট) প্রদানের সুপারিশ করা হয়েছে মর্মে উল্লেখ করেন।

৭.৪। অতঃপর তিনি বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৬-২০১৭ অর্থ বছরে সমুদ্র পথে জাহাজ পরিচালনা ও অন্যান্য অপরিচালনা আয় খাতে কর্পোরেশনের আয়ের চিত্র পাওয়ার পয়েন্টের মাধ্যমে সম্মানিত শেয়ারহোল্ডারদের অবগতির জন্য উপস্থাপন করেন:

(ক) **২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন খাতে আয়**

| | | |
|---|---|---|
| (০১) | চার্টারিং/ট্র্যাম্পিং/লাইটারেজ কার্যক্রম | টাকা = ৫৬.৩৬ কোটি |
| (০২) | অন্যান্য পরিচালনা আয় | টাকা = ২৫.৭৯ কোটি |
| (০৩) | অপরিচালনা আয় | টাকা = ৩৫.৮৪ কোটি |
| (০৪) | করপূর্ববর্তী মোট আয় | টাকা =১১৭.৯৯ কোটি |

(খ) **২০১৬-২০১৭ অর্থ বছরে গুরুত্বপূর্ণ বিভিন্ন খাতে ব্যয়**

| | | |
|---|---|---|
| (০১) | বেতন-ভাতাদি<br>(এফ্লোট ১১.০৫ কোটি টাকা + শোর ১৪.৯২ কোটি টাকা) | টাকা= ২৫.৯৭কোটি |
| (০২) | জ্বালানি তেল ও পানি | টাকা= ১৯.৪১ কোটি |
| (০৩) | জাহাজের বিমা | টাকা= ৩.০৭কোটি |
| (০৪) | ডেক ও ইঞ্জিন ষ্টোর্স ব্যয় | টাকা= ২.৮৯ কোটি |
| (০৫) | ডেসপ্যাচ ডেমারেজ | টাকা= ০.৪৭ কোটি |
| (০৬) | বন্দর, ক্যানেল ও শুল্ক কর | টাকা= ০.২৪কোটি |
| (০৭) | যন্ত্রাংশ ক্রয় | টাকা= ০.৮৯কোটি |
| (০৮) | ষ্টিভিডোরিং ব্যয় | টাকা= ০.০৪৫ কোটি |
| (০৯) | জাহাজ মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভে | টাকা= ৯.২১ কোটি |
| (১০) | জাহাজের ভিকচুয়ালিং খাতের ব্যয় | টাকা= ১.৩৯ কোটি |

৭.৫। তিনি বলেন যে, বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দা, সুদের উচ্চ হার এবং বিভিন্ন স্থানে যুদ্ধ বিগ্রহের কারণে আন্তর্জাতিক সমুদ্র পথে জাহাজের ভাড়া বিগত তিন দশকের মধ্যে বর্তমানে সর্বনিম্ন পর্যায়ে রয়েছে। তাছাড়া, বিএসসি বহরের পুরাতন জাহাজের রক্ষণাবেক্ষণে খুচরা যন্ত্রাংশের মূল্য বৃদ্ধিসহ অন্যান্য পরিচালনা ব্যয় বৃদ্ধির কারণে জাহাজ পরিচালনা খরচের পরিমাণ পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। এতৎসত্ত্বেও বাংলাদেশ শিপিং কর্পোরেশন ৩০ বছরের পুরাতন জাহাজের মাধ্যমে স্বল্প পরিসরে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করে ২০১৬-২০১৭ অর্থ বছরে মুনাফা অর্জন করতে সমর্থ হয়েছে।

৭.৬। **মূলধন**

গত ৩০ জুন ২০১৭ তারিখে কর্পোরেশনের পরিশোধিত মূলধনের পরিমাণ ৳১৫২,৫৩,৫০,৪০০.০০ (একশত বায়ান্ন কোটি তিপ্পান্ন লক্ষ পঞ্চাশ হাজার চার শত) টাকা। তন্মধ্যে সরকারের শেয়ারের পরিমাণ ৳৭৯,৪৬,৩৪,৪০০.০০(উন আশি কোটি ছেচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার চার শত) এবং বেসরকারি শেয়ারহোল্ডারদের শেয়ারের পরিমাণ ৳৭৩,০৭,১৬,০০০.০০(তিয়াত্তর কোটি সাত লক্ষ ষোলো হাজার)। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শেয়ারের সংখ্যা ৭,৯৪,৬৩,৪৪০টি (সাত কোটি চুরানব্বই লক্ষ তেষট্টি হাজার চারশত চল্লিশ) যা মোট শেয়ার সংখ্যার ৫২.১০ শতাংশ এবং বেসরকারি শেয়ারহোল্ডারদের শেয়ারের সংখ্যা ৭,৩০,৭১,৬০০টি (সাত কোটি ত্রিশ লক্ষ একাত্তর হাজর ছয়শত) যা মোট শেয়ার সংখ্যার ৪৭.৯০ শতাংশ।

৭.৭। **সম্পদ ও দায়**

২০১৬-২০১৭ অর্থ বছরে নিরীক্ষিত হিসাব অনুযায়ী বিএসসির মোট সম্পদের পরিমাণ ৯৮৬.৯৯ কোটি টাকা এবং মোট দেনার পরিমাণ ১৮৩.১১ কোটি টাকা। নিরীক্ষিত হিসাবের বিস্তারিত বিবরণ প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে দেখানো হয়েছে বলে জানান।

**৭.৮। লোকবল**

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের শোর এষ্টাব্লিশমেন্টে (অফিসে) অনুমোদিত জনবল **১৫২১** জন ( কর্মকর্তা **২১৭** জন কর্মচারী **১৩০৪** জন)। দীর্ঘদিন বহরে কোন জাহাজ সংযোজন না হওয়ায় এবং উল্লেখযোগ্য সংখ্যক জনবল অবসরে যাওয়ায় বর্তমানে কর্পোরেশনের শোর এষ্টাব্লিশমেন্টে (অফিসে) কর্মরত কর্মকর্তার সংখ্যা ৪৭ জন এবং কর্মচারীর সংখ্যা **১৪১** জন অর্থাৎ সর্বমোট **১৮৮** জন। এছাড়া দুইটি জাহাজে বর্তমানে কর্মরত অফিসারের সংখ্যা ৩০জন ও নাবিক ৬২জন অর্থাৎ সর্বমোট ৯২জন।

**৭.৯। বিএসসি আইন**

সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে অবহিত করেন, বিএসসির বাণিজ্যিক ও দাপ্তরিক কাজে গতি বৃদ্ধির জন্য **১৯৭২** সালের বিএসসি আইন (পিও ১০) প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও সময়োপযোগী করার লক্ষ্যে গৃহীত পদক্ষেপের দীর্ঘ প্রক্রিয়া সম্পন্ন করে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। উক্ত আইনের সাথে সামঞ্জস্য ও বাংলাদেশ স্টক এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক গত **৩১** মে **২০১৭** তারিখ হতে শেয়ারের অভিহিত মূল্য ১০০/- টাকা হতে ১০ টাকা করা হয়েছে।

৭.১০। **উন্নয়ন প্রকল্প**

ব্যবস্থাপনা পরিচালক উল্লেখ করেন যে, বিএসসি বর্তমান সরকারের সুযোগ্য দিক নির্দেশনা ও সক্রিয় সহযোগিতায় সামনের দিকে এগিয়ে যাচ্ছে। ইতোমধ্যে সরকারের উন্নয়ন সহযোগী এবং ব্লু-ইকোনমি বাস্তবায়নের লক্ষ্যে রূপকল্প-২০২১ এবং ২০৪১ এর সাথে সামঞ্জস্য রেখে বিশ্ব মানের একটি স্বয়ংসম্পূর্ণ আন্তর্জাতিক শিপিং সংস্থা গড়ে তোলার লক্ষ্যে মিশ্র বাণিজ্যিক জাহাজ বহর সৃষ্টিসহ আনুষাঙ্গিক নানাবিধ উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

বাস্তবায়নাধীন প্রকল্প:

**৭.১১। বৈদেশিক ঋণ সহায়তায় জাহাজ অর্জন :**

তিনি বলেন যে, উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে চীন সরকারের অর্থায়নে ইতোমধ্যে ৬টি (৩টি প্রোডাক্ট অয়েল ও ৩টি বাল্ক ক্যারিয়ার) জাহাজের নির্মাণ কাজ জোর গতিতে এগিয়ে চলছে। চীনের নিউ ইয়াংজি শিপইয়ার্ডে নির্মাণাধীন ৬টি জাহাজের **Keel laying** মাননীয় নৌ পরিবহন মন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। বর্তমানে জাহজগুলোর **Massive Block Raising** এবং block-গুলো জোড়া লাগানোর কাজ পূর্ণোদ্যমে এগিয়ে চলছে। তিনি আশা ব্যক্ত করেন যে, নির্মাণাধীন প্রথম জাহাজ **'বাংলার জয়যাত্রা'** চলতি বছরের জুলাই মাসে বিএসসির কাছে হস্তান্তর করা হবে এবং বাকী জাহাজগুলো পর্যায়ক্রমে আগামী ফেব্রুয়ারি, ২০১৯ মাসের মধ্যে বিএসসি বহরে যুক্ত হবে।

**৭.১২। নিজস্ব অর্থায়নে জাহাজ ক্রয়:**

বর্তমানে ক্রুড অয়েল লাইটারিং কাজে নিয়োজিত বিএসসির দুইটি জাহাজের (এম.টি. বাংলার জ্যোতি ও এম.টি. বাংলার সৌরভ) বয়স প্রায় ৩০ বছরের পুরাতন হওয়ায় এ-জাহাজ দুটির প্রতিস্থাপনের লক্ষ্যে

নিজস্ব অর্থায়নে কমপক্ষে ৩৪,০০০ ডিডব্লিউটি সম্পন্ন ১টি নতুন প্রোডাক্ট/ কেমিক্যাল, ক্রুড অয়েল ট্যাংকার ক্রয়ের প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পের বিপরীতে একটি জাহাজ অর্জনের জন্য দীর্ঘ ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা সত্ত্বেও গত ডিসেম্বর ২০১৭ এ উক্ত জাহাজটি চূড়ান্ত পরিদর্শনকালে জাহাজটির হাল **(hull)** ভালো পাওয়া গেলেও ইঞ্জিন এবং মেশিনারিজ সন্তোষজনক পাওয়া যায়নি। তিনি আরো বলেন, সম্প্রতি ইস্টার্ণ রিফাইনারি লিঃ (ইআরএল) Single Point Mooring (SPM) with Double pipeline শীর্ষক প্রকল্পের কাজ শুরু হয়েছে। এ প্রকল্পটি শেষ হলে Outer Anchorage থেকে তেল লাইটারিং করার প্রয়োজন হবে না। এই বিবেচনায় লাইটারিং জাহাজের স্থলে ১টি নতুন ১,০০,০০০-১,২৫,০০০ টন ক্ষমতা সম্পন্ন মাদার ট্যাংকার ক্রয়ের প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

**<u>চলমান প্রকল্প</u>**

**৭.১৩। কয়লা পরিবহনের জন্য জাহাজ ক্রয় সংক্রান্ত প্রকল্পঃ**

তিনি উল্লেখ করেন, বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদার সাথে সামঞ্জস্য রেখে বর্তমান সরকার রামপাল, পায়রা ও মাতারবাড়ীতে তিনটি কয়লা ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের কাজ বাস্তবায়ন করছে। পাশাপাশি, প্রাইভেট সেক্টরে আরো দুইটি কয়লা ভিত্তিক কেন্দ্র স্থাপিত হবে। প্রকল্পগুলোর জন্যে প্রয়োজনীয় কয়লা বিদেশ থেকে আমদানি করা হবে। দেশের জ্বালানি নিরাপত্তার স্বার্থে কয়লা পরিবহনের **Uninterrupted Supply Chain** গড়ে তোলার জন্য ৮০ হাজার টনের ৬টি মাদার বাল্ক ক্যারিয়ার এবং মাদার ভেসেল থেকে **Lightering** এর জন্য আরো দশটি ১০-১৫ হাজার টন ক্ষমতা সম্পন্ন বাল্ক ক্যারিয়ার ক্রয় প্রকল্প বিএসসি গ্রহণ করেছে বলে তিনি উল্লেখ করেন।

**৭.১৪। তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) পরিবহনে জাহাজ ক্রয় সংক্রান্ত প্রকল্পঃ**

দেশের গ্যাস সংকট নিরসনের জন্য সরকার তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে কক্সবাজারের মাতারবাড়ীতে **FSRU (Floating Storage Regasification Unit )** টার্মিনাল স্থাপন করা হচ্ছে, যা দেশের **National** গ্যাস গ্রিডের সাথে যুক্ত থাকবে। দেশের গ্যাস চাহিদা পূরণের লক্ষ্যে এলএনজি আমদানির জন্য বিএসসি বহরে দুটি প্রায় ১,৪০,০০০ কিউবিক মিটারের এলএনজি ভেসেল যুক্ত করার প্রাথমিক পরিকল্পনা ইতোমধ্যে গ্রহণ বলে উল্লেখ করেন।

**৭.১৫। ক্রুড অয়েল পরিবহন সংক্রান্ত প্রকল্প**

ইস্টার্ণ রিফাইনারি লিঃ এর ক্রুড অয়েল পরিশোধন ক্ষমতা ২০২০ সালে দ্বিগুণ হবে। সমস্ত ক্রুড অয়েল বিএসসির নিজস্ব জাহাজের মাধ্যমে পরিবহনের জন্য ২ (দুই)টি নতুন প্রতিটি ১,০০,০০০-১,২৫,০০০ টন ক্ষমতা সম্পন্ন মাদার ট্যাংকার ক্রয় সংক্রান্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে।

**৭.১৬। ২ (দুই)টি ৮০,০০০ টন ক্ষমতা সম্পন্ন মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার ক্রয়ঃ**

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) প্রতি বছর ৩৪,০০,০০০ মেট্রিক টন ডিজেল অয়েল এবং প্রায় ৪,০০,০০০ টন জেট ফুয়েল আমদানি করে, যা বর্তমানে বিদেশি জাহাজের মাধ্যমে পরিবহন করা

হয়। ইস্টার্ণ রিফাইনারি কর্তৃক বাস্তবায়নাধীন ২টি Single Point Mooring (SPM) with Double pipeline শীর্ষক প্রকল্পটি সমাপ্ত হলে আমদানিকৃত ডিজেল ও জেট ফুয়েল SPM এর মাধ্যমে সরবরাহ করা হবে। এ লক্ষ্যে ডিজেল ও জেট ফুয়েল পরিবহনের জন্য ২ (দুই)টি ৮০,০০০ টন ক্ষমতা সম্পন্ন মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার সংগ্রহের প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হবে বলে আশা প্রকাশ করেন।

**৭.১৭। সেলুলার কন্টেইনার জাহাজ ক্রয়:**

শ্রীলংকাসহ **BIMSTEC** দেশগুলোর মধ্যে শীঘ্রই **Feeder Service** চালু হতে যাচ্ছে। তিনি বলেন, এ বিষয়টি বাস্তবায়নের জন্য-৪ (চার)টি নতুন প্রতিটি ১,২০০-১,৫০০ টিউজ সম্পন্ন সেলুলার কন্টেইনার জাহাজ ক্রয় প্রকল্প হাতে নেয়া হয়েছে।

**৭.১৮। বিএসসির নিজস্ব জমিতে ভবন নির্মাণ:**

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বিএসসির পরিচালনা পর্ষদ এর চেয়ারম্যান, জনাব শাজাহান খান, এম.পি. গত ২৭-০৭-২০১১ খ্রি: বিএসসির ঢাকাস্থ নিজস্ব জমিতে একটি ২৫ তলা বাণিজ্যিক ভবন নির্মাণ কাজ উদ্বোধন করেন। প্রকল্পটির কাজ সফলভাবে সম্পন্ন হলে গত ১৫ এপ্রিল ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী উক্ত ভবনটি উদ্বোধন করেন। তিনি উল্লেখ করেন, এছাড়াও খুলনা ও চট্টগ্রামস্থ নিজস্ব জমিতে স্ব-উদ্যোগে/যৌথ উদ্যোগে বাণিজ্যিক ভিত্তিতে বহুতলভবন নির্মাণের লক্ষ্যে Expression of Interest আহবান করা হয়েছে।

৮। তিনি আরও বলেন, **RPO (Repeat Public Offer)** এর মাধ্যমে শেয়ারবাজার হতে সংগৃহীত হয়েছিল ৩১৩.৭০ কোটি টাকা। বিগত ২৬ জুন ২০১২ তারিখে অনুষ্ঠিত ৩৪তম বার্ষিক সাধারণ সভায় সম্মানীত শেয়ারহোল্ডারদের অনুমোদনক্রমে **RPO** এর মাধ্যমে সংগৃহীত অর্থ হতে এ পর্যন্ত ব্যয় হয়েছে ৭৭.৯০ কোটি টাকা। এ ব্যয়ের মধ্যে ঢাকাস্থ ২৫তলা ভবন নির্মাণ বাবদ ব্যয় হয়েছে ৫৭.৮৩ কোটি টাকা, শেয়ার বাজারজাতকরণ খাতে ব্যয় ১৭.৯৩ কোটি টাকা এবং চীন সরকারের অর্থায়নে ৬টি জাহাজ ক্রয় খাতে ব্যয় হয়েছে ২.২৪ কোটি টাকা। **RPO** ফান্ডের বর্তমান স্থিতি প্রায় ২৩৬ কোটি টাকা বলে তিনি জানান।

৯। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, সাম্প্রতিক বছরগুলোতে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক উন্নয়নের যে কোন সূচকের বিচারে বাংলাদেশের অভূতপূর্ব অগ্রগতি হয়েছে। বর্তমানে সারা বিশ্বে বিস্ময়ের নাম হচ্ছে বাংলাদেশ। নিম্ন আয়ের দেশ থেকে বেরিয়ে আমরা এখন নিম্নমধ্যম আয়ের দেশের তালিকায় অন্তর্ভুক্ত হতে যাচ্ছি। তাই, মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে জাতির পিতার স্বপ্নের বিএসসি গড়ে তুলতে আমরা বদ্ধপরিকর। তিনি দৃঢ় চিত্তে বলেন, চলমান উন্নয়ন প্রক্রিয়ার ধারাবাহিকতা রক্ষায়, সরকারের পৃষ্ঠপোষকতায় এবং সকলের স্বতঃস্ফূর্ত সহযোগিতায় বাংলাদেশ শিপিং কর্পোরেশন আজ নতুন উদ্যমে ঘুরে দাঁড়ানোর প্রত্যয়ে ফলপ্রসূ ভূমিকায় অবতীর্ণ হয়েছে। বাংলাদেশ শিপিং কর্পোরেশন অচিরেই দেশ ও জাতির আকাঙ্খা

পূরণে সক্ষম হবে এবং সে যাত্রায় শেয়ারহোল্ডারদের অব্যাহত সমর্থন, সহযোগিতা এবং পরামর্শ বিএসসির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে তিনি উল্লেখ করেন।

১০। পরিশেষে, তিনি নৌ-পরিবহন মন্ত্রণালয়, সরকারের সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় বিশেষ করে অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিএডিসি, বিসিআইসি, বিপিসি, সমুদ্র পরিবহন অধিদপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, শুল্ক কর্তৃপক্ষসহ আমদানিকারক ও রপ্তানিকারক, বিএসসির সাথে সম্পৃক্ত ব্যাংকসমূহ, সকল এজেন্ট এবং অন্যান্য সংস্থাসমূহকে তাদের সহায়তা ও সহযোগিতার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অতঃপর উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডার, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের আন্তরিক ধন্যবাদ ও শুভেচছা জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

১১। **আলোচ্যসূচী ২ এবং ৩ সভায় উপস্থাপন এবং সম্মানিত শেয়ারহোল্ডারদের বক্তব্য আহবান:-**

এ পর্যায়ে সভাপতি বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৬-১৭ অর্থ বছরের সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ বছরের নিরীক্ষিত হিসাব, নিরীক্ষিত ব্যালেন্স শিট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। অতঃপর উক্ত প্রস্তাবের উপর সম্মানিত শেয়ারহোল্ডারগণকে বক্তব্য রাখার আহবান জানান। সে প্রেক্ষিতে নিম্নেবর্ণিত শেয়ারহোল্ডারগন তাঁদের মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন:-

**১১.১। জনাব কবির আহমেদ চৌধুরী (বিও একাউন্ট নং-১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০) :-**

তিনি সভায় উপস্থিত সভাপতি, উপস্থিত শেয়ারহোল্ডার ও অন্যান্য সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিএসসির যাত্রা শুরু করেছিলেন ২টি জাহাজ নিয়ে যা তাঁর সময়ে ১৪টি জাহাজে উন্নীত করা হয়। তিনি শুধু মালামাল পরিবহনের জন্য বিএসসি প্রতিষ্ঠা করেননি, তিনি স্বল্প ব্যয়ে হজ্বযাত্রী পরিবহনের জন্য 'হিজবুল বাহার' নামে একটি যাত্রীবাহী জাহাজ সংযোজন করেছিলেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিএসসি টাওয়ার উদ্বোধনের সময় শেয়ারহোল্ডারদের মধ্য হতে কয়েকজন শেয়ারহোল্ডারকে দাওয়াত পত্র পৌঁছানোর জন্য বিএসসির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো বলেন, বিএসসির এবারের বার্ষিক প্রতিবেদনটি অত্যন্ত সুন্দর ও পরিছন্ন হয়েছে। এছাড়া, তিনি বিএসসির শেয়ার প্রতি সম্পদ মূল্য পুনঃমূল্যায়নের পরামর্শ প্রদান করেন কেননা বিএসসির অনেক দৃশ্যমান সম্পদ সংযোজিত হয়েছে যা বর্তমানে সঠিকভাবে প্রদর্শন হচ্ছে না বলে তিনি মনে করেন। বহরে জাহাজ সংযোজন সংক্রান্ত শেয়ারহোল্ডারদের প্রদানকৃত দীর্ঘ দিনের আশা দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন।

**১১.২। জনাব হীরালাল বণিক (বিও একাউন্ট নং-১২০৪৩২০০২১৫৬৮৫৭৫) :-**

তিনি উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারসহ সকলকে সাধুবাদ জানিয়ে সভায় তার বক্তব্য পেশ করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি বার্ষিক প্রতিবেদনে ছাপানোর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন বিদেশ থেকে সমুদ্র পথে পণ্য পরিবহনের জন্য সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত উদ্যোগে ১৯৭২ সালের ফেব্রুয়ারি মাসে জাতীয় প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং

কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠা হয়। এ প্রতিষ্ঠান বিশ্বের বিভিন্ন বন্দরে বাংলাদেশের জাতীয় পতাকা বহন করে দেশকে পরিচিত করছে। এছাড়া কর্পোরেশন মেরিনারদের চাকুরির ব্যবস্থা করেছে। তিনি বলেন, আজ তিনি আশান্বিত কেননা কর্পোরেশনের বহরে খুব দ্রুত জাহাজ সংযোজন হতে যাচ্ছে। তিনি মাননীয় নৌপরিবহন মন্ত্রীর বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের প্রশংসা করেন। বর্তমান উন্নয়নমূলক কর্মকান্ডের জন্য বিএসসি আবার ঘুড়ে দাঁড়াবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি উল্লেখ করেন, বর্তমানে বেশিরভাগ কোম্পানি শেয়ারের লভ্যাংশের বিপরীতে বোনাস শেয়ার প্রদান করেন কিন্তু বিএসসি তার শেয়ারহোল্ডারদের ১০শতাংশ নগদ লভ্যাংশ প্রদান করায় তিনি বিএসসিকে বিশেষ ধন্যবাদ জানান। এছাড়া, তিনি বিএসসির আয় বাড়ানো এবং খরচ কমানোর দিকে মনোযোগী হবার পরামর্শ প্রদান করেন। পরিশেষে, তিনি চট্টগ্রামের বিভিন্ন সংস্থার নিয়োগ পরীক্ষা চট্টগ্রামে গ্রহণ করার অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

**১১.৩। আলহাজ্ব মোঃ আবদুল ওয়াহাব (বিও একাউন্ট নং-১২০১৯৬০০০৮০১৪৩৬৭) :-**

তিনি সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি প্রথমেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শহীদ মুক্তিযোদ্ধাদের শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি বার্ষিক প্রতিবেদনে জাতির জনক বঙ্গবন্ধুর ছবি ছাপানোর জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কর্পোরেশনের জাহাজ বৃদ্ধি করে আয় বাড়ানোর পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, বর্তমান সরকারের সময়ে আকাশপথ, স্থলপথ ও নৌপথ এগিয়ে যাচ্ছে। তিনি আশা করেন বিএসসি বর্তমান সরকারের সময় আন্তর্জাতিক সমুদ্র পথে নেতৃত্ব দিবে। তিনি বিএসসির কৈবল্যধামের জমির বর্তমান অবস্থা এবং ভবিষ্যৎ পরিকল্পনার বিষয়ে জানতে চান। চীনে নির্মাণাধীন ৬টি জাহাজ বিএসসির বহরে দ্রুত সংযোজনের পরামর্শ প্রদান করেন। এছাড়া বিএসসির শেয়ার হোল্ডারদের বিএসসির মনোগ্রাম সম্বলিত ব্যাগ প্রদানের জন্য বিএসসির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে তিনি বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে তিনি আগামিতে আরো উন্নত মানের ব্যাগ প্রদানের অনুরোধ করতঃ বিএসসির সুন্দর ভবিষ্যতর কামনা করে তার বক্তব্য শেষ করেন।

**১১.৪। জনাব কামাল উদ্দিন আহমেদ (বিও একাউন্ট নং-১২০১৯৬০০০১১৪১৭৬২)**

বিএসসির ৪০তম বার্ষিক সাধারণ সভা সুন্দর ও মনোরম পরিবেশে আয়োজন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন ও সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন বিএসসি সমুদ্র পথে পণ্য পরিবহন ছাড়াও একটি জাতীয় পতাকাবাহী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান বিদেশের বন্দরে জাতীয় পতাকা বহন করে দেশের সুনাম অর্জনে ভূমিকা রেখেছে। তাই শুধু ব্যবসা নয় দেশের ভাবমূর্তি রক্ষার জন্য এ কর্পোরেশনের উপস্থিতি গুরুত্বপূর্ণ। বিএসসির বহরে জাহাজ সংযোজনের পর জাহাজগুলো সুষ্ঠুভাবে পরিচালনার বিষয়ে গুরাত্বরোপ করেন। বিএসসির নতুন জাহাজ উদ্বোধনের সময় শেয়ারহোল্ডারদের আমন্ত্রণ জানানোর অনুরোধ করেন। তিনি চট্টগ্রামস্থ কৈবল্যাধাম জমি লাভজনকভাবে ব্যবহারের পরামর্শ প্রদান করেন। সর্বশেষ বিএসসির উন্নতি ও সাফল্য কামনা করে বক্তব্য শেষ করেন।

**১১.৫। জনাব মোঃ নুরুল ইসলাম (ফলিও নং-০১৪১৯)**

তিনি সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন । তিনি বিএসসির সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিএসসির কমার্শিয়াল সেক্টরকে ঢেলে সাজানো এবং শক্তিশালী করার পরামর্শ প্রদান করেন। সেই সাথে ঢাকার মার্কেটিং সেলের কলেবর বৃদ্ধি করা এবং বিএসসির জাহাজ বাণিজ্যের সম্প্রসারণের লক্ষ্যে মার্কেটিং সেক্টরকে আরো শক্তিশালী করার অনুরোধ করেন। তিনি আরো বলেন বিএসসির কর্মকর্তা-কর্মচারীদের যথোপযুক্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ শিপিং জনবল এর সৃষ্টি করতে হবে। যা নতুন জাহাজগুলোকে লাভজনকভাবে ও দক্ষতার মাধ্যমে পরিচালনা করতে পারে। পরিশেষে, তিনি সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিএসসির প্রতিষ্ঠালগ্ন হতে আসন্ন ৬টি জাহাজ মিলিয়ে ৪১ জাহাজের সমন্বয়ে একটি মনোমুগ্ধকর এবং চমকপ্রদ কবিতা আবৃত্তি করেন।

**১১.৬। জনাব মোঃ আলমগীর হোসেন (বিও একাউন্ট নং- ১২০১৫৯০০০৪৪৬০১০৫) :-**

তিনি উপস্থিত সকলকে সালাম জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি দেশে আমদানিকৃত প্রচুর পরিমাণে অপরিশোধিত, পরিশোধিত তেল ও এলএনজি পরিবহনের জন্য নতুন উদ্যোগ গ্রহণের পরামর্শ প্রদান করেন। যা বিএসসির জাহাজে পরিবহন হলে প্রচুর বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে ও এ সংস্থা লাভবান হবে। তিনি বিএসসির বার্ষিক সাধারণ সভা সাপ্তাহিক বন্ধের দিন করার অনুরোধ করেন। সর্বশেষে উপস্থিত সকল শেয়ারহোল্ডারদের সম্মানী প্রদানের আহবান জানান এবং বিএসসির উন্নয়ন কামনা করে তার বক্তব্য শেষ করেন।

**১২। আলোচ্যসূচি ২ এবং ৩-পরিচালক মন্ডলীর প্রতিবেদন, নিরীক্ষিত ব্যাল্যান্স শীট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন:-**

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| সভাপতি ৩০ জুন, ২০১৭ তারিখে সমাপ্ত ২০১৬-২০১৭ অর্থ বছরের বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ বছরের নিরীক্ষিত হিসাব, নিরীক্ষিত ব্যাল্যান্স শিট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | সভাপতির প্রস্তাবের প্রেক্ষিতে বিএসসির ২০১৬-২০১৭ অর্থ বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ বছরের নিরীক্ষিত হিসাব, নিরীক্ষিত ব্যাল্যান্স শিট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন সভায় উপস্থিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। |

## ১৩। আলোচ্যসূচি ৪- ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য নিরীক্ষক নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণঃ-

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| সভাপতি উল্লেখ করেন যে, গত ০৩-০১-২০১৮ তারিখ অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ২৯৪তম সভায় ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধান অনুযায়ী উক্ত সংস্থার তালিকাভুক্ত নিরীক্ষক ১। মেসার্স আহমেদ জাকির এন্ড কোং ২। মেসার্স মাহফিল এন্ড কোং-কে ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রদত্ত প্রত্যেককে ৬০,০০০/- টাকা ফি'তে অর্থাৎ ১,২০,০০০/- টাকা ফি-তে যুগ্ম-নিরীক্ষক হিসেবে পুনরায় ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য দুটো উল্লিখিত অংশীদারী অডিট ফার্মকে নিয়োগ করার নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | সভাপতির প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধান অনুযায়ী উক্ত সংস্থার তালিকাভুক্ত নিরীক্ষক ১। মেসার্স আহমেদ জাকির এন্ড কোং ২। মেসার্স মাহফিল এন্ড কোং-কে ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রদত্ত প্রত্যেককে ৬০,০০০/- টাকা ফি'তে অর্থাৎ ১,২০,০০০/- টাকা ফি-তে যুগ্ম-নিরীক্ষক হিসেবে পুনরায় ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য যুগ্ম-নিরীক্ষক হিসেবে নিয়োগের প্রস্তাব উপস্থিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

## ১৪। আলোচ্যসূচি ৫- লভ্যাংশ ঘোষণা ও অনুমোদন :-

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| সভাপতি সভায় অবহিত করেন যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন ২০১৬-২০১৭ অর্থ বছরে ৮.৬৬ কোটি টাকা নিট মুনাফা অর্জন করেছে। গত ০৩-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত বিএসসি পরিচালনা পর্ষদের ২৯৪তম সভায় উক্ত মুনাফা অতি সামান্য সত্বেও বিনিয়োগকারীদের স্বার্থ বিবেচনা করে প্রতি ১০/-(দশ) টাকা অভিহিত মূল্যের শেয়ারের জন্য সকল শেয়ারহোল্ডারদের জন্য ১০% হারে নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করা হয়। কিন্তু সংস্থার বর্তমান সার্বিক অবস্থা বিবেচনায় উল্লিখিত লভ্যাংশ (১০% ক্যাশ লভ্যাংশ) শুধু সাধারণ বিনিয়োগকারীদের প্রদানের প্রস্তাব করা হল। এ প্রস্তাব বার্ষিক সাধারণ সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | বিএসসির ২০১৬-২০১৭ অর্থ বছরে শুধু সাধারণ বিনিয়োগকারীদের জন্য প্রতিটি ১০/-(দশ) টাকা অভিহিত মূল্যের শেয়ারের জন্য ১০% হারে নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ড) প্রদানের বোর্ডের সুপারিশ সভায় উপস্থিত শেয়ারহোল্ডার কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

১৫। **আলোচ্যসূচি বিবিধ-১ : আরপিও এর মাধ্যমে সংগৃহীত তহবিল খরচের সময়সীমা ৩০-০৬-২০১৯ পর্যন্ত বৃদ্ধি করার অনুমোদন :**

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| বাংলাদেশ শিপিং কর্পোরেশন আরপিও এর মাধ্যমে শেয়ার বাজার হতে ৩১৩ কোটি ৭০ লক্ষ টাকা ২০১১ সালের নভেম্বর মাসে সংগ্রহ করা হয়। উক্ত আরপিও এর অর্থ হতে শেয়ারহোল্ডারদের অনুমোদন মোতাবেক ব্যয়ের পর বর্তমানে টাকা ২৩৫ কোটি ৭৯ লক্ষ ৬৬ হাজার ৮৩ টাকা অবশিষ্ট আছে। বৈদেশিক ঋণ সহায়তায় চীনে নির্মাণাধীন ৬টি জাহাজের (ব্যাংক চার্জ, রেজিস্টশন ফি, প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট দাপ্তরিক ব্যয়, বায়ার্স সুপারভাইজার/সার্ভেয়ার ফি, Buyer's Supplied items, এবং অন্যান্য) খাতে ব্যয় বাবদ ৩১কোটি ৮০ লক্ষ টাকা এবং অবশিষ্ট অর্থ বাণিজ্যিকভাবে লাভজনক জাহাজ অর্জন খাতে ব্যয়ের সময়সীমা আগামী ৩০শে জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করার জন্য সভাপতি কর্তৃক প্রস্তাব করা হয়। | সভাপতির প্রস্তাবের প্রেক্ষিতে আরপিও এর অর্থ হতে শেয়ারহোল্ডারদের অনুমোদন মোতাবেক ব্যয়ের পর বর্তমানে টাকা ২৩৫ কোটি ৭৯ লক্ষ ৬৬ হাজার ৮৩ টাকা অবশিষ্ট আছে। উক্ত টাকা বৈদেশিক ঋণ সহায়তায় চীনে নির্মাণাধীন ৬টি জাহাজের (ব্যাংক চার্জ, রেজিস্টশন ফি, প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট দাপ্তরিক ব্যয়, বায়ার্স সুপারভাইজার/সার্ভেয়ার ফি, Buyer's Supplied items, এবং অন্যান্য) খাতে ব্যয় বাবদ ৩১কোটি ৮০ লক্ষ টাকা এবং অবশিষ্ট অর্থ বাণিজ্যিকভাবে লাভজনক জাহাজ অর্জন খাতে ব্যয়ের সময়সীমা আগামী ৩০শে জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করার জন্য সভাপতি কর্তৃক প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

১৬। **সভাপতি মহোদয়ের সমাপনী ভাষণ:**

বার্ষিক সাধারণ সভায় আলোচ্যসূচী সমূহ সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদনের পর সভার সভাপতি নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয় সম্মানিত শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে তাঁর সমাপনী বক্তব্য নিম্নে উদ্ধৃত করা হলো:-

''সভাপতি সম্মানিত শেয়ারহোল্ডারদের বিএসসির উপর আস্থা রাখার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বলেন শেয়ারহোল্ডারগণের বক্তব্যে তিনি উৎসাহিত হয়েছেন। তিনি বলেন, বিএসসির প্রতি আপনাদের প্রত্যাশা অনেক। এ প্রত্যাশা পূরনের জন্য সার্বিক প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে। সভাপতি বলেন, চীন থেকে নির্মানধীন ৬টি জাহাজ আগামী জুলাই ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০১৯ এর মধ্যে পর্যায়ক্রমে বিএসসি বহরে সংযোজিত হবে। তাছাড়া মাদার ট্যাংকারসহ আরো ২০টি জাহাজ মিলিয়ে সর্বমোট ২৬টি জাহাজ সংগ্রহ করা হবে। তিনি বলেন, ঢাকাস্থ বিএসসি টাওয়ার নির্মাণ একটি চ্যালেঞ্জ ছিল। যা বাস্তবায়ন করা সম্ভব হয়েছে এবং এ টাওয়ার হতে বছরে ৬ কোটি ৪৮ লক্ষ টাকা আয় হবে। সভাপতি বলেন, শেয়ারহোল্ডারগণকে ভবিষ্যতে আরো উন্নত মানের ব্যাগ সরবরাহ করা হবে। তিনি চট্টগ্রামস্থ কৈবল্যধামের জমি সম্পর্কে সকলকে অবহিত করে বলেন, জমিটি বহিরাগতরা বেদখল করার চেষ্টা করেছিল। কিন্তু পরবর্তীতে তা উচ্ছেদ করা হয়েছে এবং এ জমিতে বাউন্ডারি দেয়া হবে। বিএসসি পরিচালনা পর্ষদের সভায় এ জমিটি নিয়ে আলোচনা করে কিভাবে লাভজনকভাবে ব্যবহার করা যায় সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে আশ্বস্ত করেন। তবে তিনি ব্যক্তিগতভাবে উক্ত জমি বিক্রয় করে প্রাপ্ত অর্থ দিয়ে সংস্থার আয় বৃদ্ধি হয় এমন খাতে বিনিয়োগের বিষয়ে মতামত ব্যক্ত করেন। সবশেষে তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অত্যন্ত দক্ষতার সাথে রাষ্ট্র পরিচালনা করছেন বিধায় এ উন্নয়ন সম্ভব হয়েছে মর্মে জানান। তাই তিনি সকলকে মাননীয় প্রধানমন্ত্রীর জন্য দোয়া করার অনুরোধ করেন।”

পরিশেষে জাতীয় পতাকাবাহী একমাত্র রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি কামনা করে এবং সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ ও উপস্থিত সকলকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়ে সভাপতি সভার সম্পাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
১৫/৪/১৮
(শাজাহান খান)
মন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়
ও
সভাপতি
বিএসসি পরিচালনা পর্ষদ

---

# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম

নং: ১৮.১৬.০০০০.৩৫২.০৬.০০৭.১৮.

তারিখ: ৫বৈশাখ, ১৪২৫বঙ্গাব্দ
১৮এপ্রিল, ২০১৮খ্রিষ্টাব্দ

সম্মানীত শেয়ারহোল্ডারদের সদয় অবগতির জন্য কার্যবিবরণিটি সংস্থার অয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

(মোহাম্মদ গোলামুর রহমান)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
সচিব-অতিরিক্ত দায়িত্ব
বিএসসি।

**পরিশিষ্ট- “ক”**

# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

<u>চট্টগ্রাম</u>।

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন বোর্ড অব ডাইরেক্টরস এর চেয়ারম্যান, জনাব শাজাহান খান, এম. পি. মহোদয়ের সভাপতিত্বে বিএসসির ২০১৬-২০১৭ অর্থ বছরের ৪০তম বার্ষিক সাধারণ সভা গত ১৫-০৩-২০১৮ তারিখ বেলা ১১-০০ ঘটিকায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের শহীদ মোহাম্মদ ফজলুর রহমান মুন্সী অডিটোরিয়াম-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পরিচালনা পর্ষদের নিম্নোক্ত সম্মানিত পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন :-

(১) কমডোর ইয়াহ্ইয়া সৈয়দ,
ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি।

(২) জনাব মোঃ সাইফুল আলম হামিদী
অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ,
অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

(৩) জনাব এ.এইচ.এম. আহসান
যুগ্ম সচিব, এফটিএ-১ অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

(৪) বেগম ইয়াসমিন আফসানা,
নির্বাহী পরিচালক (অর্থ), বিএসসি।

(৫) জনাব মোঃ সাঈদ উল্লাহ
নির্বাহী পরিচালক(প্রযুক্তি) - ও
নির্বাহী পরিচালক(বাণিজ্য) - অতিরিক্ত দায়িত্ব,
বিএসসি।

(৬) জনাব মোঃ আবদুল কুদ্দুছ
স্বতন্ত্র পরিচালক।